

**উপজেলা প্রাণিসম্পদ অফিস
পটিয়া, চট্টগ্রাম।**

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২০/১২-১

**এনএটিপি-২ প্রকল্প (প্রাণিসম্পদ অংগ) আওতায় খামারীদের মাঝে পশু খাদ্য, ভিটামিন এবং কৃমির ওষুধ বিতরণ
পটিয়া, চট্টগ্রাম, ২৩ ডিসেম্বর, ২০২০ খ্রি. (বুধবার)**

উপজেলা প্রাণিসম্পদ অফিস, পটিয়ার উদ্যোগে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন ন্যাশনাল একাইকালচারাল টেকনোলজি
প্রোগ্রাম ফেজ-২ (এনএটিপি-২) প্রকল্পের এর অর্থায়নে স্বাস্থ্য বিধি মেনে মোট ৫০ জন গাভী পালন ও গরু
হষ্টপুষ্টকরণ সিআইজি সদস্যদের মাঝে পশু খাদ্য, ভিটামিন এবং কৃমির ওষুধ বিতরণ করা হয়।

উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডা. জপু চক্ৰবৰ্তীৰ সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন
জেলা প্রাণিসম্পদ অফিসার ডা. মোহাম্মদ রেয়াজুল হক। আরও উপস্থিত ছিলেন ভেটেরিনারি সার্জন ডা. সুব্রত
সরকার সহ অত্র অফিসের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

জেলা প্রাণিসম্পদ অফিসার ডা. মোহাম্মদ রেয়াজুল হক বলেন, বর্তমানে করোনা পরিস্থিতির মাঝেও প্রাণিসম্পদ
অধিদপ্তরের কার্যক্রম চলমান আছে। এমন ত্রুটিকালে এনএটিপি-২ প্রকল্পের অর্থায়নে খামারিদের মাঝে বিতরণ
করা পশু খাদ্য খামার পরিচালনা করতে সহায়ক হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। গবাদি পশু ও হাঁস-মুরগী
পালনে উৎসাহিত করতে সরকার প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে খামারিদের সহযোগিতা করছে।
প্রাণিসম্পদ অফিস সব সময়ই খামারিদের পাশে থেকে সেবা দিয়ে আসছে এবং ভবিষ্যতেও এই চেষ্টা অব্যহত
থাকবে।

ধন্যবাদান্তে ও কৃতজ্ঞতায়
ডা. জপু চক্ৰবৰ্তী
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
পটিয়া, চট্টগ্রাম
মোবাইল ফোন: ০১৮১৪-৪৭৬৮৭৮